গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
ওএসএস ও সমন্বয় শাখা
বিনিয়োগ ভবন (লেভেল-৭, ৮ ও ৯)
ই ৬/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.beza.gov.bd

**বিনিয়োগ অগ্রাধিকার**

পত্র নং-০৩.৭৭৬.০১৪.০০.০০.০২০.২০১৬(অংশ-২)- ১৪০০

তারিখঃ ২০ চৈত্র ১৪৩০
৩ এপ্রিল ২০২৪

বিষয়ঃ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে আবেদনপত্র দাখিল।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৮ এর আওতায় বেজা ওয়ান স্টপ সার্ভিস সেন্টার হতে অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগকারীদের (ডেভেলপার এবং ইউনিট ইনভেস্টর) ২৭ টি ক্যাটাগরির ১২৫ টি সেবা (বেজা কর্তৃক ৩৭ টি এবং বিভিন্ন দপ্তর কর্তৃক ৮৮ টি) প্রদান করা হয়। ১২৫ টি সেবার মধ্যে ৬০ টি সেবা অনলাইনে প্রদান করা হচ্ছে এবং পর্যায়ক্রমে অন্যান্য সেবাও অনলাইনের মাধ্যমে প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।

২। বিনিয়োগকারীদের দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে বেজা'র নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা অনুসারে ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৮ এ বর্ণিত সেবাসমূহের মধ্যে নিম্নেবর্ণিত সেবা প্রাপ্তির ক্ষেত্রে বিনিয়োগকারী কর্তৃক সংশ্লিষ্ট পত্রসমূহ ব্যবস্থাপক (ওএসএস ও সমন্বয়) বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ওএসএস বিধিমালা, ২০১৮ এর তপসিলের ক্রমিক নং | সেবার নাম |
|---|---|
| ৯ | পরিবেশগত ছাড়পত্র |
| ১১ | অগ্নি নিরোধ সংক্রান্ত সেবা ও ছাড়পত্র |
| ১৪ | বয়লার স্থাপন |
| ১৫ | কারখানর লাইসেন্স |
| ১৬ | বন্ড লাইসেন্স ইস্যুকরণ |
| ১৯ | বিস্ফোরক লাইসেন্স |
| ২৩ | সার্টিফিকেট অব অরিজিন |
| ২৫ | অন্যান্য ভৌত কাঠামো (অনাপত্তিপত্র সংক্রান্ত সেবা ব্যতীত) |

৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৩/৪/২০২৪
মুস্তাফিজুর রহমান
উপসচিব
ব্যবস্থাপক (ওএসএস ও সমন্বয়)
মোবাইল: +৮৮০১৬২২-৬৭৪৮৮৮

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক (বিএসইজেড লিমিটেড/সকল বেসরকারি অর্থনৈতিক অঞ্চল)।
২। চেয়ারম্যান /ব্যবস্থাপনা পরিচালক, ইউনিট ইনভেস্টর (সকল)।
৩। প্রসিডেন্ট, বেজিয়া, প্লট-৩৩৫, (২য় তলা), ব্লক-ডি, আলহাজ্ব আব্দুস সোবহান রোড, বসুন্ধরা আ/এ, ঢাকা-১২২৯।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। নির্বাহী সদস্য (সকল), বেজা।
২। মহাব্যবস্থাপক (সকল), বেজা।
৩। নির্বাহী চেয়ারম্যান-এর একান্ত সচিব, বেজা (নির্বাহী চেয়ারম্যানের মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। ফ্রন্ট ডেস্ক, গ্রাউন্ড ফ্লোর/৭ম, ৮তম ও ৯ম তলা, বেজা।

# NICCA CHEMICAL CO.,LTD.
## BANGLADESH LIAISON OFFICE

Suvastu Suraiya Trade Center, 3A (3rd Floor), 57 Kamal Ataturk Avenue,Block-B
Banani, Dhaka-1213, Bangladesh Tel: +880255033391

তারিখঃ ০৭/০১/২০২৪ খ্রিঃ
বরাবর,
মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**বিষয়: প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠানের ফায়ার সেফটি প্ল্যান অনুমোদন ও অনাপত্তি ছাড়পত্রের জন্য আবেদন।**

জনাব,
আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, আমি কোতারো তাকেউচি, ব্যবস্থাপনা পরিচালক , নিক্কা বাংলাদেশ কোং, লি: লট নং সি-৬, বাংলাদেশ স্পেসাল ইকোনোমিক জোন (বিএসইজেড), সনপাড়া, পাঁচরুখি ভায়া রুপগঞ্জ আড়াইহাজার, নারায়নগঞ্জ-১৪৬০ ঠিকানায় প্রস্তাবিত (জি-২) শ্রেণীর ২টি ২ তলা বিশিষ্ট আর সি সি স্ট্রাকচার সহ স্টিল স্ট্রাকচার বিল্ডিং, ১টি ১তলা বিশিষ্ট স্টিল স্ট্রাকচার বিল্ডিং, ১টি ১তলা বিশিষ্ট আর সি সি স্ট্রাকচার বিল্ডিং সমন্বয়ে নিক্কা বাংলাদেশ কোং, লি: নামক শিল্প কারখানা স্থাপন করতে ইচ্ছুক। এর প্রেক্ষিতে উক্ত শিল্প কারখানার জন্য আপনার দপ্তর থেকে অনুমোদিত ফায়ার সেফটি প্ল্যান ও অনাপত্তি ছাড়পত্র প্রয়োজন।
প্রস্তাবিত শিল্প কারখানার জন্য প্রফেশনাল ইঞ্জিনিয়ার দ্বারা ফায়ার সেফটি প্ল্যান তৈরী করে আপনার দপ্তর কর্তৃক অনুমোদনের জন্য দাখিল করিতেছি।

আমাদের অগ্নি নিরাপত্তা পরামর্শদাতা এই শিল্প কারখানার জন্য আপনার অধিদপ্তরের অনলাইন পোটালে আবেদন করেছে যার ট্রাকিং নম্বর: ২৪০২০১৯।

অতএব, উক্ত প্রস্তাবিত শিল্প কারখানার ফায়ার সেফটি প্ল্যান অনুমোদন দান ও অনাপত্তি ছাড়পত্র প্রদাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

ডায়েরী নং ২০৮
তারিখ: ১৬/০২/২০২৪

নির্বাহী সদস্য (বিনিয়োগ উন্নয়ন) এর দপ্তর
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
১। মহাব্যবস্থাপক, বিনিয়োগ উন্নয়ন
২। ব্যবস্থাপক, বিনিয়োগ উন্নয়ন (১/২/৩)
৩। ব্যবস্থাপক, ওএসএস ও সমন্বয়
৪। পিএ
নির্বাহী সদস্য (বিনিয়োগ উন্নয়ন)
তাং

নিবেদক

কোতারো তাকেউচি
ব্যবস্থাপনা পরিচালক,
নিক্কা বাংলাদেশ কোং, লিঃ,
লট নং সি-৬, বাংলাদেশ স্পেসাল ইকোনোমিক জোন (বিএসইজেড), সনপাড়া, পাঁচরুখি ভায়া রুপগঞ্জ আড়াইহাজার, নারায়নগঞ্জ-১৪৬০, বাংলাদেশ।
মোবাইল: +৮৮ ০১৭৩৫৯০১৪১৭

OSS Manager